# 2024

## PHILOSOPHY — HONOURS

**Paper : DSE-B-2.1, DSE-B-2.2, DSE-B-2.3 and DSE-B-2.4**

*Candidates are required to give their answers in their own words as far as practicable.*

## DSE-B-2.1

**Contemporary Indian Philosophy**

**(Swami Vivekananda)**

**Full Marks : 65**

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*

১। সঠিক উত্তরটি চিহ্নিত করো (*যে-কোনো দশটি*) ঃ ১×১০

(ক) এক আত্মা বহুরূপে প্রতীয়মান হন কারণ—

(অ) বাস্তবিক পৃথিবীতে বিভিন্ন ব্যক্তি আছেন (আ) ভিন্ন ভিন্ন মানুষের ভিন্ন ভিন্ন জন্ম এবং মৃত্যু হয়

(ই) নাম এবং রূপ উপাধিবশতঃ বহুরূপে প্রতীত হয় (ঈ) মানুষের যথার্থ স্বরূপ হল যে মানুষ বহু।

(খ) বিবেকানন্দের মতে, মানুষের যথার্থ স্বরূপ হল এই যে সে

(অ) পূর্বে বদ্ধ থাকে এবং পরবর্তীকালে মুক্ত হয়

(আ) সর্বদাই বদ্ধ অবস্থাতেই থাকে

(ই) নিত্যমুক্ত এবং কখনও বদ্ধ নয়

(ঈ) কখনও কখনও মুক্ত, আবার কখনও কখনও বদ্ধ অবস্থা প্রাপ্ত হয়।

(গ) স্বামী বিবেকানন্দ স্বীকৃত যোগের প্রকারভেদ হল

(অ) পাঁচ প্রকার (আ) চার প্রকার

(ই) তিন প্রকার (ঈ) দু'প্রকার।

(ঘ) বিবেকানন্দের মতে ঈশ্বরের উপাসনা করতে গিয়ে আমরা

(অ) নিজ নিজ উপাসনালয়ে ঈশ্বরকে খুঁজে পাই।

(আ) নিজেদের অন্তর্নিহিত আত্মারই উপাসনা করি।

(ই) উপলব্ধি করি যে ঈশ্বর মানুষের তুলনায় অনেক বেশি ক্ষমতাবান।

(ঈ) উপলব্ধি করি যে জগৎ, মানুষ এবং ঈশ্বর সব কিছু অত্যন্ত পৃথক সত্তা।

(ঙ) বিবেকানন্দ এমন একটি ধর্ম প্রচার করতে চেয়েছিলেন যা

(অ) দর্শনমূলক

(আ) ভক্তিমূলক

(ই) মরমী এবং কর্মপ্রেরণাময়

(ঈ) একই সঙ্গে সবকয়টি বিকল্প যা উপরে উল্লেখ করা হয়েছে।

(চ) বিবেকানন্দের মতে প্রকৃত ধর্ম হল

(অ) প্রতিটি মানুষের ভিতরে অন্তর্নিহিত দেবত্বের উপলব্ধি

(আ) হিন্দুধর্মের প্রতি আনুগত্য

(ই) ধর্মীয় আচার নিয়মনিষ্ঠাসহকারে পালন করা

(ঈ) নিজ ধর্মের ধর্মগ্রন্থে নির্দেশিত আচরণবিধি অনুসারে জীবনযাপন করা।

(ছ) স্বামী বিবেকানন্দ প্রস্তাবিত 'বিশ্বজনীন ধর্ম' হল

(অ) যে ধর্মগুলির কথা জানা ছিল তাদের সাথে একটি নতুন সংযোজন

(আ) একটি পৃথক ধর্ম

(ই) হিন্দুধর্ম যাকে তিনি 'বিশ্বজনীন' আখ্যা দিয়ে গৌরবান্বিত করেছিলেন

(ঈ) এমন এক ধর্ম যা সকল ধর্মীয় সম্প্রদায়ের মানুষের নিকটই সন্তোষজনক ও উপযোগী হবে।

(জ) নিম্নলিখিত বিকল্পগুলির মধ্যে যেটির বিষয় হল মনের উপর নিয়ন্ত্রণ এবং মনঃসংযোগ, তা হল—

(অ) রাজযোগ

(আ) কর্মযোগ

(ই) ভক্তিযোগ

(ঈ) সবকটি।

(ঝ) যে সকল মানুষের জন্য ভক্তিযোগ উপযুক্ত তাঁরা হলেন

(অ) মূলতঃ আবেগপ্রবণ ব্যক্তি

(আ) দার্শনিক মনোভাবাপন্ন ব্যক্তি

(ই) যুক্তিদ্বারা পরিচালিত এবং কোনো প্রকার আকার বা অনুষ্ঠানের দ্বারা পরিচালিত নন

(ঈ) কঠোর পরিশ্রমী এবং ধ্যানমূলক জীবনে আগ্রহী নন।

(ঞ) 'বেদান্ত' শব্দের দ্বারা বিবেকানন্দ

(অ) কেবল অদ্বৈত বেদান্তকেই বুঝিয়েছেন

(আ) কেবল বিশিষ্টাদ্বৈত বেদান্তকে বুঝিয়েছেন

(ই) দ্বৈতবাদ বুঝিয়েছেন

(ঈ) উক্ত সকল প্রকার ভাগগুলিই উপনিষদের উপর নির্ভর করে বলে সবগুলিকেই বেদান্ত শব্দের দ্বারা বুঝিয়েছেন।

(ট) বিবেকানন্দের মতে বেদান্তকে যদি ধর্মের আসন নিতে হয় তাহলে

(অ) বেদান্তকে নিগূঢ় তত্ত্বরূপে আলোচনা করতে হবে।

(আ) বেদান্তের তত্ত্বকে অরণ্যে ও গিরিগুহায় আবদ্ধ রাখতে হবে।

(ই) কেবল পণ্ডিত ব্যক্তি ও দার্শনিকদেরই তাতে অধিকার থাকবে।

(ঈ) বেদান্তকে একান্তভাবে ব্যবহারিক হতে হবে এবং জীবনের সকল অবস্থায় তা প্রয়োগযোগ্য হওয়া উচিৎ।

(ঠ) স্বামী বিবেকানন্দ ১৮৯৩ খ্রিস্টাব্দে যে বিশ্বধর্ম মহা সম্মেলনে যোগদান করেছিলেন তা অনুষ্ঠিত হয়েছিল

(অ) নিউ ইয়র্কে (আ) লন্ডনে

(ই) শিকাগোতে (ঈ) লস্ এনজেলেস্-এ।

২। *যে-কোনো পাঁচটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫×৫

(ক) স্বামী বিবেকানন্দকে অনুসরণ করে ‘শিবজ্ঞানে জীব সেবা’—এই ধারণাটি আলোচনা করো।

(খ) বিবেকানন্দের মতে দার্শনিক, পৌরাণিক এবং আনুষ্ঠানিক ভেদে ধর্মের যে তিনটি ভাগ আছে, সেগুলি আলোচনা করো।

(গ) মানুষের স্বভাবের ভিন্নতা অনুসারে বিবেকানন্দ যে চার প্রকার শ্রেণিবিভাগ করেছিলেন সেগুলির উল্লেখপূর্বক বর্ণনা দাও।

(ঘ) ‘যোগ’ শব্দের অর্থ কী? স্বামীজীকে অনুসরণ করে জ্ঞানযোগ ব্যাখ্যা করো।

(ঙ) বিবেকানন্দ কেন মনে করেছেন যে ধর্ম হল জীবনের আবশ্যিক উপাদান? ব্যাখ্যা করো।

(চ) স্বামীজীর বেদান্তচিন্তার মধ্যে অভিনবত্ব কোথায়? — আলোচনা করো।

(ছ) স্বামীজীর ধর্ম সম্পর্কে চিন্তাধারার উপরে বেদান্ত দর্শনের প্রভাব আলোচনা করো।

(জ) স্বামীজীর দর্শনে কর্মযোগের গুরুত্ব আলোচনা করো।

৩। *যে-কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ

(ক) স্বামী বিবেকানন্দকে অনুসরণ করে মানুষের যথার্থ স্বরূপ ব্যাখ্যা করো। ১৫

(খ) “ধর্ম হচ্ছে মানুষের ভিতর যে দেবত্ব প্রথম থেকেই বিদ্যমান, তারই প্রকাশ”— বিবেকানন্দের এই উক্তির আলোকে তাঁর ধর্ম সম্পর্কে ভাবনা ব্যক্ত করো। কেন তিনি ধর্মীয় আচার-অনুষ্ঠানের পরিবর্তে মানুষের সেবা করাকেই অধিকতর গুরুত্ব দিয়েছেন? ১০+৫

(গ) সর্বজনীন বা বিশ্বজনীন ধর্ম বলতে স্বামী বিবেকানন্দ কী বুঝিয়েছেন? কীভাবে এই প্রকার ধর্মের আদর্শ প্রতিষ্ঠা করা সম্ভব? আলোচনা করো। ৭+৮

(ঘ) স্বামী বিবেকানন্দ যে ব্যবহারিক বেদান্তের কথা বলেছিলেন তা আলোচনা করো। ‘ব্যবহারিক’ শব্দটির তাৎপর্য ব্যাখ্যা করো। শঙ্করাচার্যের বেদান্ত-ভাবনার সাথে বিবেকানন্দের ব্যবহারিক বেদান্তের সাদৃশ্য এবং পার্থক্য আলোচনা করো। ৬+৪+৫

## [ English Version ]

*The figures in the margin indicate full marks.*

**1.** Choose the correct answer (***any ten***) : 1×10

(a) One Ātman appears to be many because

(i) in reality there are different persons in the world

(ii) different persons are born and die differently

(iii) man appears as many due to the *upādhis nāma* and *rupa*

(iv) man's real nature is that man is many.

(b) According to Vivekānanda, man's real nature is that he is

(i) formerly bound and becomes free later on

(ii) always bound

(iii) always free and never bound

(iv) sometimes free and sometimes bound.

(c) The types of yoga admitted by Swami Vivekananda is

(i) Five (ii) Four

(iii) Three (iv) Two.

(d) In Vivekānanda's view, while worshipping God we

(i) can find Him out in our own place of worship.

(ii) worship God within our own selves.

(iii) realize that God is far more powerful than human beings.

(iv) realize that the Universe, man and God are all very different entities.

(e) Vivekānanda wanted to preach a religion which is

(i) philosophical

(ii) devotional

(iii) mystic and motivates to work

(iv) a combination of all the alternatives mentioned above.

(f) According to Vivekānanda, true religion is

(i) realization of divinity within by each human being

(ii) loyalty to Hinduism

(iii) obeying sincerely religious practices and rituals

(iv) to live according to the religious texts of the religion to which he belongs.

(g) 'Universal Religion' as suggested by Swāmi Vivekānanda is

(i) a new addition to the existing list of known religions

(ii) a separate religion

(iii) Hinduism which he glorified by claiming it to be 'universal'

(iv) a religion which gives satisfaction and comfort to all religious sects.

(h) The alternative which consists in controlling the mind and concentration is

(i) *Rajyoga*

(ii) *Karmayoga*

(iii) *Bhaktiyoga*

(iv) All of these.

(i) Bhaktiyoga is appropriate for men who are

(i) predominantly emotional

(ii) persons with philosophical mind

(iii) guided by reason and not influenced by forms and ceremonies

(iv) hard workers and not interested in meditative life.

(j) By the word '*Vedānta*', Vivekānanda means

(i) only *advaita vedānta*

(ii) only *viśistādvaita vedānta* (qualified non-dualism)

(iii) *dvaita* or dualistic theory

(iv) all the varieties mentioned here depend upon *upaniṣad* and so he meant all these by the word '*Vedānta*'.

(k) According to Vivekānanda, if *Vedānta* is to take the seat of religion then,

(i) Vedānta is to be discussed as abstruse theory.

(ii) the theory of Vedānta should be reserved in forests and caves.

(iii) only the learned persons and philosophers will have access to it.

(iv) Vedānta must be practical and should be applied in all conditions/spheres of life.

(l) In 1893 Swami Vivekananda participated in the Parliament of the World's Religions which was held in

(i) New York

(ii) London

(iii) Chicago

(iv) Los Angels.

**2.** Answer ***any five*** questions : 5×5

(a) 'To serve mankind is to serve God'. — Discuss this concept following Swami Vivekananda.

(b) Discuss the three parts of religion divided into philosophical, mythological and ritualistic as recognised by Vivekananda.

(c) Mention and describe Vivekananda's classifications of human beings into four types according to their nature.

(d) What is the meaning of the term 'Yoga'? Explain Jñānayoga following Swamiji.

(e) Why did Vivekananda think that religion is a compulsory element of life? Explain.

(f) Discuss the novelty in Vivekananda's idea on Vedānta.

(g) Discuss the impact of Vedānta Philosophy on Swamiji's idea of religion.

(h) Discuss the importance of *Karmayoga* in Swamiji's Philosophy.

**3.** Answer ***any two*** questions :

(a) Explain man's real nature following Swami Vivekananda. 15

(b) "Religion is the manifestation of divinity already in man"— State Vivekananda's idea of religion in the light of this statement. Why did he give more importance upon helping men instead of religious ritualistic practices? 10+5

(c) What did Vivekānanda mean by Universal religion? How is it possible to establish the ideal of this kind of religion? Discuss. 7+8

(d) Discuss Swami Vivekananda's practical Vedanta. Explain the significance of the term 'practical'. Discuss the points of similarities and dissimilarities between Vivekananda's practical Vedānta and the idea of Vedānta of Śaṁkaracārya. 6+4+5